

১-মি নং-১৫

তারিখ
পৃষ্ঠা	৩
কলাম	২

হাজী মোহাম্মদ দানেশ বিশ্ববিদ্যালয়

প্রথম ব্যাচের ছাত্রছাত্রীরা আন্দোলনের কর্মসূচি ঘোষণা করেছে

দিনাজপুর থেকে চিত্ত্বোষ : জাতীয় সংসদে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ পাস, নির্দিষ্ট এবং নিজস্ব কারিকুলাম প্রণয়ন, নিজস্ব একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন, সেমিস্টার পদ্ধতি চালুকরণসহ বিভিন্ন দাবি আদায়ের লক্ষ্যে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথম ব্যাচের ছাত্রছাত্রীরা ক্লাস বর্জনসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। আজ রোববার ছাত্রছাত্রীরা জেলা প্রশাসকের কার্যালয় যেড়াও, অবস্থান ও স্মারকলিপি প্রদান করবে।

আন্দোলনের কর্মসূচির অংশ হিসেবে গত শুক্রবার বিকেলে দিনাজপুর প্রেসক্লাবে আন্দোলনরত ছাত্রছাত্রীরা সংবাদ সম্মেলনের আয়োজন করে। সংবাদ সম্মেলনে লিখিত প্রতিবেদন পাঠকালে প্রদীপ কুমার রায় বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৯৯৯-২০০০ সেশনে ছাত্রছাত্রীর ভর্তির বিজ্ঞপ্তি প্রদান করলে ১শ ২৫ জন ছাত্রছাত্রী ভর্তি

পরীক্ষার মাধ্যমে ভর্তির সুযোগ পেয়ে ভর্তি হয়। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে, দীর্ঘ ৫/৬ মাস ক্লাস করার পরও বিশ্ববিদ্যালয়ের কোন কার্যক্রম শুরু হয়নি এবং ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের সকল সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত। সাধারণ ছাত্রছাত্রীরা চরম হতাশায় নিমজ্জিত। এমতাবস্থায় ছাত্র-ছাত্রীরা আগামী ২৫শে জানুয়ারি অনুষ্ঠিতব্য প্রথম সাময়িক পরীক্ষা বর্জন, ক্লাস বর্জনসহ বিভিন্ন কর্মসূচি ঘোষণা করেছে। সাধারণ ছাত্রছাত্রীদের পক্ষ থেকে প্রকল্প পরিচালকের মাধ্যমে প্রধানমন্ত্রীর বরাবরে স্মারকলিপি প্রদান করেছে। তারা চলতি সংসদের অধিবেশনে বিল পাস না হলে বৃহত্তর কর্মসূচি ঘোষণা করবে বলে সংবাদ সম্মেলনে ঘোষণা দেয়। সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে বক্তব্য প্রদান করেন শুভ ইসলাম, আলাল হোসেন, জীবন রায়, জিয়াউর রহমান, মলয় রায়, লতিফুর রহমান প্রমুখ।